



জেলা শিল্পকলা একাডেমি টাঙ্গাইল প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন বিষয়ে ভর্তির

নিয়মাবলী

০১. জেলা শিল্পকলা একাডেমি, টাঙ্গাইল প্রশিক্ষণকেন্দ্রে সংগীত, নৃত্যকলা, তালবাদ্যযন্ত্র, নাট্যকলা, আবৃত্তি ও চারুকলা বিভাগে ৪ বছর এবং শিশু বিভাগে ২ বছর মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নির্ধারিত পাঠক্রমনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হয়।
০২. জানুয়ারী হতে ডিসেম্বর পর্যন্ত শিক্ষাবর্ষ গণ্য করা হয়। প্রতি শিক্ষাবর্ষে নির্ধারিত সাপ্তাহিক রুটিন অনুযায়ী প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হয়। প্রশিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে অংশগ্রহণ করতে হবে।
০৩. সকল বিভাগে বার্ষিক পরীক্ষা ও কোর্স সম্পূর্ণ হওয়ার পর সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
০৪. প্রশিক্ষার্থীদের সর্বমোট ক্লাস সংখ্যা কমপক্ষে ৭৫% উপস্থিত থাকতে হবে। উপস্থিতির হার কম হলে বার্ষিক পরীক্ষা বা সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে না।
০৫. প্রশিক্ষার্থীদের ক্লাস শুরুর ১৫মিনিট আগে উপস্থিত থাকতে হবে।
০৬. বার্ষিক পরীক্ষা বা সমাপনী পরীক্ষায় কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে। সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হলে সরকারিভাবে সনদপত্র দেয়া হবে।
০৭. কোন প্রশিক্ষার্থী একাধারে ৩ মাস ক্লাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল করা হবে। পুনঃভর্তি ফি বাবদ =৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা পরিশোধসহ আবেদনের প্রেক্ষিতে পুনঃভর্তি বিবেচনা করা যেতে পারে।
০৮. তালবাদ্যযন্ত্র বিভাগের প্রশিক্ষার্থীরা ক্লাসে ব্যবহারের জন্য নিজস্ব তবলা, চারুকলা বিভাগের প্রশিক্ষার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী সঙ্গে আনতে হবে।
০৯. প্রতি বিষয়ে জন্য ভর্তি ফরম ৫০/-টাকা এবং ভর্তি ফি =৩৫০/- মাসিক বেতন =১৫০/- টাকা প্রদান করতে হবে। ভর্তির সময় ১(এক) বছরের বেতনসহ অন্যান্য ফি একসঙ্গে প্রদান করতে হবে।
১০. চারুকলা প্রশিক্ষার্থীদের বার্ষিক চিত্রপ্রদর্শনীর জন্য ১০০/-টাকা ফি প্রদান করতে হবে।
১১. সকল প্রশিক্ষার্থীকে জেলা শিল্পকলা একাডেমি টাঙ্গাইল কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।
১২. প্রশিক্ষণরত অবস্থায় কোন প্রশিক্ষার্থী একাডেমির বাহিরে কোন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে চাইলে লিখিতভাবে জেলা শিল্পকলা একাডেমি কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।
১৩. একাডেমির নিয়ম শৃঙ্খলা বিধি বিধান প্রশিক্ষার্থী মেনে চলতে বাধ্য থাকবে। একাডেমির নিয়ম শৃঙ্খলাবিহীন কাজের জন্য সংশ্লিষ্ট প্রশিক্ষার্থীকে কর্তৃপক্ষ বহিস্কার করতে পারবেন।
১৪. প্রত্যেক প্রশিক্ষার্থী বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রণীত প্রশিক্ষণকেন্দ্রের নিয়মাবলি এবং পরবর্তীতে সংশোধিত নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবে।
১৫. নিয়মাবলী প্রয়োজনানুযায়ী পরিবর্তনযোগ্য।